

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫১৪

উদয়পুর, ৯ জানুয়ারি, ২০২৪

### ত্রিপুরেশ্বরী মন্দির পরিদর্শনে কেন্দ্রীয় পঞ্চায়েতীরাজ প্রতিমন্ত্রী

কেন্দ্রীয় পঞ্চায়েতীরাজ প্রতিমন্ত্রী কপিল মোরেশ্বর পাতিল আজ উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরেশ্বরী মন্দির পরিদর্শন করেন। পরিদর্শনের সময় তিনি মন্দিরে পূজা দেন। এরপর কেন্দ্রীয় পঞ্চায়েতীরাজ প্রতিমন্ত্রী মাতাবাড়ি ব্লকের কুঞ্জবন গ্রাম পঞ্চায়েতে গোমতী নদীর উপর নির্মিত দশমীঘাট পরিদর্শন করেন। পঞ্চদশ অর্থ কমিশনের আর্থিক সহায়তায় এই ঘাটটি নির্মাণ করা হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ২২ লক্ষ টাকা। তাছাড়াও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী এদিন মাতাবাড়ি ব্লকের মুড়াপাড়া গ্রাম পঞ্চায়েতে প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে নির্মিত সবিতা ধরের আবাস পরিদর্শন করেন। তাছাড়া তিনি ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের অন্তর্গত মাতাবাড়ি ব্লকের ত্রিপুরেশ্বরী ভার্মি কম্পোস্ট ইউনিটটিও পরিদর্শন করেন। এসমস্ত প্রকল্প পরিদর্শনের সময় কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর সাথে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেবরায়, গোমতী জেলার জেলাশাসক তডিৎ কান্তি চাকমা ও অন্যান্য আধিকারিকগণ। পরিদর্শন শেষে কেন্দ্রীয় পঞ্চায়েতীরাজ প্রতিমন্ত্রী কপিল মোরেশ্বর পাতিল উদয়পুর সার্কিট হাউসে সাংবাদিকদের সাথে কথা বলার সময় জানান, ত্রিপুরায় কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পগুলি যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। এতে সুবিধাভোগীরা উপকৃত হচ্ছেন। রাজ্যে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার নেতৃত্বে বিকাশমুখী সরকার চলছে।

\*\*\*\*\*